New Zealand Sarbojonin Durgotsav

7th - 9th October 2016

Silver Jubilee Year

Organised by

Probasee Bengalee Association NZ

The team at NCBT Wishes everyone a Happy Durga Pooja

NCBT Newton College of Business and Technology

সম্পাদকীয়

আমাদের ঘরে ঘরে বারো মাসে তেরো পার্ব্বণ প্রচলিত। অবশ্য "তেরো পার্ব্বণ" বাক্যটা লোক প্রবাদ মাত্র। আসলে আমাদের ব্রত-পার্ব্বণ অসংখ্য। সমগ্র ভারতবর্ষের বিভিন্ন প্রান্তে বিচিত্র আচার-বিচারসম্পন্ন, কত বিচিত্র ধরণের ব্রত-পার্ব্বণাদির প্রচলন যে রয়েছে তার হিসাব কে রাখে? তেরোর পিঠে একটা বা দুটো এমনকি তিনটে শূন্য বসিয়ে দিলেও সঠিক সংখ্যা নির্ণয় করা যায় কিনা তা সন্দেহের বিষয়। সমগ্র ভারতবর্ষে প্রচলিত ও আচরিত ব্রত-পূজা ও পালা-পার্ব্বণাদির সামগ্রিক সংগ্রহ এক বিশাল দায়িত্ব। এই কাজ এখনও পর্যন্ত কেউ করেছেন কিনা জানিনা। আমরাও অবশ্য এই কাজে হাত দিইনি এবং অত বড় বিষয় নিয়ে আলোচনায় ব্রতী হই নি। আমরা জানি এবং মানি যে বাঙ্গালীর বারো মাসে তেরো পার্বনের মধ্যে যাবতীয় যত ব্রত-উৎসব আছে তার মধ্যে দূর্গাপূজো সবচেয়ে বড় এবং প্রধান উৎসব। শারোদীয় দূর্গোৎসব বহুল প্রচলিত এবং বাঙ্গালী মানষে এই দূর্গাপূজোর স্থান যাবতীয় পাল-পার্ব্বণাদির মধ্যে, সবার উপরে।

দেবী দূর্গা হলেন শক্তির রূপ। ধর্মশাস্ত্র অনুসারে মা দূর্গা হলেন "দূর্গতিনাশিনী" অর্থাৎ সকল দুঃক্ষ-দুর্দশার বিনাশকারিনী। পুরাকালে মহিষাসুরের অত্যচারে দেবতারা স্বর্গ থেকে বিতারিত হয়েছিলেন। সমস্ত বিশ্ব ব্রহ্মাণ্ড (মহিষাসুরের) অত্যাচার অশান্তিতে পরিপূর্ণ হয়ে উঠেছিল। সেই সময় ব্রহ্মা-বিষ্ণু-মহেশ্বরের শরীর থেকে তেজরশ্মি একত্রিত হয়ে এক বিশাল আলোক পুঞ্জের আকার ধারণ করে। সেই আলোক পুঞ্জো থেকে আবির্ভূতা হলেন দিব্য অস্ত্রে সজ্জিত আদ্যাশক্তি মহামায়া মা দূর্গা। তিনি অসুর কুলকে বিনাশ করে বিশ্ব-ব্রহ্মাণ্ডে শান্তি স্থাপন করলেন।

ব্রহ্মবৈবর্ত পুরাণ অনুযায়ী দুর্গা পূজোর (বসন্ত কালে) প্রথম প্রবর্তক ছিলেন শ্রীকৃষ্ণ, দিতীয় বার দুর্গা পূজো করেন পিতামহ ব্রহ্মা আর তৃতীয়বার দুর্গা পূজোর আয়োজন করেন স্বয়ং মহাদেব। সৃষ্টির প্রথমে শ্রীকৃষ্ণ বৈকুণ্ঠে প্রথম দুর্গা পূজো করেন। এর পর পিতামহ ব্রহ্মা মধু ও কৈটভ নামে দুই অসুর বধের জন্য দ্বিতীয় দুর্গা পূজো করেছিলেন। পরে শিব ঠাকুর ত্রিপুর

নামে এক অসুরকে বধ করবার জন্যে তৃতীয় দুর্গা পূজোর আয়োজন করেন। দুর্বাশা মুনির অভিশাপে লক্ষীকে হারিয়ে, শাপমুক্ত হওয়ার অভিলাশে দেবরাজ ইন্দ্র চতুর্থবার দুর্গা পূজো করেন।

এর পর থেকেই পৃথিবীতে মুনিঋষি, সিদ্ধপুরুষ ও মানুষেরা নানা দেশে নানা ভাবে দুর্গাপূজো করে আসছে। পৃথিবীতে সর্ব প্রথম ব্রহ্মার মানসপুত্র মনু, ক্ষীরসাগরের তীরে মা দুর্গার মাটির মুর্তি গড়ে পূজো করেন।

দুর্গাপূজো বছরে দুবার হয়। একবার আশ্বিনমাসে অর্থাৎ শরৎকালে এবং একবার বসন্তকালে। শরৎকালের দুর্গাপূজো "শারোদীয় দুর্গাপূজো" বা "শারদোৎসব" এবং বসন্তকালের দুর্গাপূজো "বাসন্তীপূজো" নামে খ্যাত। শারোদীয় দুর্গাপূজোর আগে কেবলমাত্র বসন্তকালেই দুর্গাপূজো অনুষ্ঠিত হোত। বসন্তকালের এই পূজোকেই দূর্গাপূজো বলা হোত।

আদি দুর্গাপূজো বসন্ত কালে অনুষ্ঠিত হলেও, ত্রেতাযুগে শ্রীরামচন্দ্র রাবণ বধের জন্যে শরৎকালে অর্থাৎ অকালে মা দূর্গার পুজো করেছিলেন। তাই এই শরৎকালের পুজোকে অকাল বোধনও বলা হয়। বাল্মিকী রচিত "রামায়ন" বা তুলসীদাসের "রামচরিত মানসে", রাবণ বধের জন্যে শ্রীরামচন্দ্রের এই শরৎকালের দূর্গা পুজোর কোন উল্লেখ নেই। বাংলার ভক্তকবি কৃত্তিবাস ওঝা (বাল্মিকী "রামায়ন" বা তুলসীদাসের "রামচরিত মানসের" বাইরে) বাংলার তৎকালীন রীতিনীতি ও লৌকিক জীবনের নানা অনুষঙ্গ, অনেক মিথ, গল্প বাংলা রামায়ণে ইচ্ছাকৃতভাবে ঢুকিয়ে বাংলা রামায়ণ আরো সমৃদ্ধ করার চেষ্টা করেন। কৃত্তিবাসী রামায়ণ অনুযায়ী, রামচন্দ্র যখন রাবন বধের জন্য চিন্তিত, তখন ব্রহ্মা রামের কাছে উপস্থিত হয়ে, ষষ্ঠীকল্পে বোধনের বিধান দিলেন। পিতামহ ব্রহ্মার পরামর্শে শ্রীরামচন্দ্র ষষ্ঠীতে বোধন ও সপ্তমী-অষ্ঠমীতে ভক্তিভরে মায়ের পুজো করলেন। অষ্ঠমী-নবমীর সন্ধীক্ষণে (অষ্ঠমীর শেষ ২৪ মিনিট এবং নবমীর প্রথম ২৪ মিনিট) রাবণ বধ করলেন। অষ্ঠমী-নবমীর সন্ধীক্ষণের এই পুজোকে সন্ধীপূজো বলা হয়। অবশেষে নবমীতে বিশাল পুজোর আয়জন হোল এবং দশমীতে বিজয় উৎসব বা বিজয়া পালিত হোল।

শারোদীয় দূর্গাপূজোয় 'বোধন' নামে একটি অঙ্গপূজোর পর পূজোর সূচনা হয়। 'বোধন' শব্দের অর্থ 'জাগরন'। বাসন্তী পূজোয় (বসন্ত কালের দূর্গা পূজোয়), এই বোধন অনুষ্ঠান হয় না। শ্রাবণ থেকে পৌষ মাস পর্যন্ত দক্ষিনায়ন কাল, অর্থাৎ দেবতাদের রাত্রি কাল এবং মাঘ থেকে আষাঢ় মাস পর্যন্ত উত্তরায়ণ কাল অর্থাৎ দেবতাদের দিবাকাল। দিবাকালে অর্থাৎ জাগ্রতকালে পুনরায় জাগরনের প্রয়োজন হয় না। কিন্তু দক্ষিনায়ন অর্থাৎ দেবতাদের রাত্রিকালে শারোদীয় দূর্গাপূজোয় 'বোধনে'র প্রয়োজন হয়।

দূর্গাপূজো বহুকাল থেকে প্রচলিত হলেও, ঘটা করে দূর্গা পূজোর ইতিহাস খুব পূরোনো নয়। ইতিহাস থেকে মধ্যযুগে বাংলা সাহিত্যে দূর্গাপূজোর অস্তিত্ব পাওয়া যায়। মৈথিলী কবি বিদ্যাপতির "দূর্গাভক্তিতরঙ্গিনী"-তে মা দূর্গার বন্দনার উল্লেখ আছে। ১৫১০ সালে কুচবিহারের রাজা বিশ্ব সিংহ দূর্গাপূজোর আয়োজন করেছিলেন। ১৬১০ সালে কোলকাতায় (বরিশা/বেহালা) সাবর্ণ রায়চৌধূরীর পরিবার, মা দূর্গার ছেলে-মেয়ে পরিবার সহ প্রথম দূর্গা পূজোর আয়োজন করেছিল বলে শোনা যায়। সাবর্ণ রায়চৌধূরী পরিবারের দূর্গা পূজো আজও হয়ে আসছে। সেই পরিবারের একজন (অরুনাভঃ রায়চৌধুরী) বর্তমানে আমাদের অকল্যান্ডের সার্বজজীন দুর্গাপূজোর সদস্য। ১৭৯০ সালে এই পূজোয় আকৃষ্ট হয়ে হুগলী জেলার গুপ্তিপাড়ায় বারোজন বন্ধু মিলে চাঁদা তুলে প্রথম সার্ব্বজনীন দুর্গা পূজোর আয়োজন করেন। যা বারোইয়ার/বারোইয়ারী বা 'বারোয়ারী' বা 'সার্ব্বজনীন' দুর্গাপূজো নামে ব্যাপক পরিচিতি পায়।

আমাদের অকল্যান্ডের সার্ব্বজনীন দুর্গাপূজোও বারোয়ারী দুর্গাপূজো। তবে আমাদের এই পূজো বারোজন নয়, বাইশজন বন্ধু মিলে শুরু করেছিলেন। তা স্বত্ত্বেও আমাদের এই পূজো "বাইশয়ারী" না হয়ে "বারোয়ারী" পূজো। আজ থেকে ২৫ বছর আগে অকল্যান্ডের নয়টা এবং Palmerston North-এর দুটো পরিবার এক ঘরোয়া বৈঠকে/আড্ডায় অকল্যান্ডে দুর্গা পূজোর সম্ভবনা নিয়ে আলোচনা করেন এবং অকল্যান্ডে দুর্গা পূজো করার সিদ্ধান্ত নেন। (এই বিষয় নিয়ে বিস্তারিত জানার জন্যে ভিতরের পৃষ্ঠায় দেখুন)।

প্রতি বছরের মত এই বছরও আমরা শারোদীয় দুর্গোৎসব উপলক্ষে মায়ের আরাধনায় মিলিত হয়েছি। তবে আমাদের এই বছরের পূজো একটা বিশেষ কারনে উল্লেখযোগ্য। এই বছর আমাদের অকল্যান্ডের সার্বজনীন দূর্গোৎসবের রজতজয়ন্তী বছর অর্থাৎ ২৫ বছরে পদার্পন। আপনাদের এই পূজয় যোগদান করার জন্যে সবাইকে জানাই আমন্ত্রন।

এই পত্রিকাকে সাফল্যমণ্ডিত করার জন্যে যে সমস্ত লেখিকা, লেখক, কবি ও শিল্পীরা সহযোগিতা করেছেন তাঁদের জানাই আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। বিজ্ঞাপনদাতাদের সহযোগিতা ছাড়া এই পত্রিকা প্রকাশ করা সম্ভব হোত না। তাঁদেরও জানাই বিশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা। বিজ্ঞাপন সংগ্রহের ব্যাপারে অতনু ভৌমিক এবং দেবানন্দ দেবের ভূমিকা বিশেষ প্রশংসার যোগ্য। হরিশ কালা (Harish Kala), শোভিক নন্দি (Shovik Nandy) এবং কপিল ভগতের (Kapil Bhagat) সহযোগিতা ছাড়াও এই পত্রিকা প্রকাশ সম্ভব হোত না। এই পত্রিকার কাজ করতে করতে মাঝপথে আমার Computer খারাপ হয়ে যায়। হরিশ (Harish Kala) তার নিজের Computer কিছুদিনের জন্যে আমাকে ব্যাবহার করতে দিয়ে বিশেষ সাহায্য করে।

নিউজিল্যান্ড সার্বোজনীন দুর্গোৎসব কমিটির পক্ষে শুভেচ্ছাসহ।

অমিত সেনগুপ্ত (সম্পাদক)

INDIA GATE

FINE INDIAN DINING

0800 INDIA GATE

$9.90 ALL MAIN CURRIES
(Dine in or Takeaway)
Monday - Thursday
(*Except prawn curries)

BUFFET LUNCH
VEG. & NON-VEG.
(12-14 items -
Min. 4 Main curries)
$14.90 *Per Person
11:30am - 2:30pm
Saturdays & Sundays

Call us today!

09 6310047

380 Manukau Road, Epsom

www.indiagateresautant.co.nz

Indian Restaurant & Takeaway
Free delivery *Conditions apply
Delight your taste buds with delicious Indian cuisine!

Prime Minister

Message from Prime Minister John Key to Sarbojonin Durgotsab Committee

Namaste aur shubh kamanae. Congratulations and best wishes for the 25th Durga Puja celebrations in New Zealand.

New Zealand is home to many vibrant communities. As Prime Minister I am proud of New Zealand's diverse cultural landscape. Along with National MPs Kanwaljit Singh Bakshi and Dr Parmjeet Parmar, we are committed to ensuring the voice of the Indian community is heard at the highest levels of government.

Many people in New Zealand and around the world will be celebrating Durga Puja. To all those celebrating, I hope you have a wonderful day with your family and friends.

Best wishes,

Rt Hon John Key
PRIME MINISTER

Private Bag 18041, Parliament Buildings, Wellington 6160, New Zealand. Telephone 64 4 817 6800

Message for the New Zealand Sarbojanin Durgotsav Committee

I wish you all the very best on this auspicious occasion of Durga Puja, as we celebrate the victory of good over evil.

It is a privilege to acknowledge the work of the New Zealand Sarbojanin Durgotsav Committee, which has been organising Durga Puja festivities since 1992. Thank you for
25 years of service to the Bengalee community. Along with the Probasee Bengalee Association, the Sarbojanin Durgotsav Committee has been responsible for promoting the rich cultural and literary traditions of Bengal here in New Zealand.

While Durga Puja is a religious and spiritual celebration of the triumph of good over evil, it is also a particularly special time for families to come together and partake of the festivities together.

It is also an opportunity for Bengalees in New Zealand to celebrate their heritage, traditions and to showcase the beauty of Bengalee food, music, dance and attire to the rest of New Zealand.

Best wishes for a blessed Durgotsav!

Hon Phil Goff
MP for Mt Roskill
Labour Spokesperson for Ethnic Communities

Kanwaljit Singh Bakshi

National Member of Parliament

26 September 2016

Amit Sengupta
Sarbojonin Durgotsab Committee
Probasee Bengali Association

Dear Mr Sengupta and members of the committee/association,

I take this opportunity to congratulate everyone on celebrating the 25th Durga Puja in New Zealand.

Time and efforts of the Kiwi Bengali in contributing to New Zealand and adding to its vibrancy are much appreciated by this National Party Government.

My best wishes to Kiwi Bengali's in New Zealand

Yours sincerely

Kanwaljit Singh Bakshi
List Member of Parliament based in Manukau East

Parliament Buildings
Wellington 6160
New Zealand

ddi +64 4 817 9392
fax +64 4 473 0469
email
kanwaljit.singh.bakshi@parliament.govt.nz

National
www.national.org.nz

Unit 1, 131 Kolmar Road
PO Box 23136
Papatoetoe, Auckland 2025

ddi +64 9 278 9302
fax +64 9 278 2143
email
bakshi.mp@parliament.govt.nz
www.national.org.nz

With Best Compliments

From

RELIANZ TRAVEL

632 DOMINION ROAD, BALMORAL, AUCKLAND.

PHONE: 0508 411 111, EMAIL: INFO@RELIANZTRAVELS.COM

Contents

পূজা নির্ঘন্ট		
Durga Puja Invitation		
President's Report	Malabika Bhaduri	16
শুরুর গল্প	উপাসনা চৌধুরী	20
জ্যান্ত দূর্গা	মিলি সেনগুপ্ত ও প্রবীর সেনগুপ্ত	24
A Grihastha's Answer to Spiritual Liberation	Rishika Mukherjee	32
সঙ্গীত	অমিত সেনগুপ্ত	43
আমার দাদু	রাজীব গুপ্ত	50
Physical Activity is necessary... ... for Wellbeing:	Rita Krishnamurthy	52
Modern techniques of Pranic healing	Pavitra Roy	58
গঙ্গা-যমুনা	দিলীপ কুমার দাস	61
Unity in Diversity	Malabika Bhaduri	64
Our Grand Father:	Sachi & Zubin Roy	66
My Dadi	Svetlana Banerjee	67
আমরা শোকাহত (Condolence Messages)		
Netaji	(Taken from Baba Saheb B R Ambedkar)	70
What is the Shabd	Chander Prakash Satija	74
ভারতীয় নারী ও প্রাশ্চাত্য নারী	সপ্না রায়	78
ঠাম্মার আই-প্যাড	মিনতি রায়	80
Game, Set and Match	Shopan Dasgupta	84
Durga Puja	Priyanca Radhakrishnan	88

Sarbojonin Durgotsav Rajat Jayanti 2016

(1992 – 2016)

Organised by Probasee Bengalee Association of NZ Inc.

INVITATION

Dear friends

On behalf of Probasee Bengalee Association of NZ Inc, organisers of NZ Sarbojonin Durgotsav, we take the pleasure of inviting you to our 25th Silver Jubilee Sarbojonin Durgotsav to be held at ***Ram Mandir,*** 11 Brick St, Henderson, Auckland from Friday 07 October – Sunday 09 October 2016.

Based on Hindu mythology, this religious festival depicts the victory of good over evil through the worship of the Goddess Durga, the epitome of divine power, strength and prosperity.

Over time, this event has gained popularity irrespective of religious faith and ethnicity and is celebrated across the globe by many organisations. In New Zealand we are proud to be the first organisation to have held the event way back in 1992. This event has gathered strength over the years and transcended ethnic boundaries.

This year we will be experiencing a unique journey down memory lane which will bring us stories from the first ever Durga Puja held in 1992 at 14 Whitworth Road, Mt Eden and also help us relive the treasured incidents over all the 25 years since then. We will be honoured and privileged if you would join us at this festival and share our joyful experiences. We would also like to hear from you about your previous experiences of Probasee's Sarbojonin Durgotsav in Auckland. For your ready reference we are attaching a copy of our programme. If you need further clarification, please do not hesitate to contact us.

Warmest regards

Malabika Bhaduri
President, Probasee Bengalee Association of NZ
& Convenor
NZ Sarbojonin Durgotsav – 2016

Contacts (on the next page)

With Best Compliments

From

Travelshop
Let the Journey Begin

UNIT 0, 8 BISHOP LENIHAN PLACE, BOTANY, AUCKLAND 2013.

PHONE:09 272 3522 , 09 272 3544

SHEIL:021 915 346, TONY:021 915 329, EVANGELINE:021 915 340

E-MAIL: INFO@TRAVELSHOPNZ.CO.NZ

AFTER HOURS – PLEASE TEXT US AND WE WILL CALL YOU BACK.

Contacts:

Malabika Bhaduri	mala.bhaduri@gmail.com
Atonu Bhowmik, General Secretary	atonubhowmik@gmail.com
Santanu Roy, Vice President	santanu.roy2606@gmail.com
Sudeshna Giri, Cultural Secretary	rangiri@xtra.co.nz
Devanand Deb, Treasurer	devanand.deb@xtra.co.nz
Urmi Nandi, General Member	urminandi@rediffmail.com
Sucheta Banerjee, General member	suchetapratap@gmail.com
Upasana Chowdhury, General Member	upasana.chowdhury@gmail.com
Aloka Peacock, General Member	Aloka@xtra.co.nz



NZ Sarbojonin Durgotsav Rajat Jayanti 2016

Since 1992

Organised by Probasee Bengalee Association of NZ Inc.

Venue: Ram Mandir
11 Brick Street, Henderson
Auckland

PUJA PROGRAMME

Friday 07 October

7 pm	Pratima Sthapan
7:15 pm	Inauguration
7:45 pm	Cultural programme
9 pm	Dinner

Saturday 08 October

10:30 am	Mahashashthi Puja
11:30 am	Sit and Draw competition (up to 16 years of age)
12:30 pm	Arati/Pushpanjali
1 pm	Prasad and Lunch
1:15 pm	Mahasaptami Puja
3 pm	Arati/Pushpanjali
7:15 pm	Sandhyarati
7:30 pm	Cultural Programme
9:15 pm	Dinner

Sunday 09 October

10:30 am	Mahashtami Puja
11:30 am	Go As You Like competition (kids up to 5 years)
12:30 pm	Arati/Pushpanjali
1 pm	Prasad and Lunch
1:15 pm	Sandhi Puja
1:45 pm	Mahanavami Puja
2 pm	Talent Quest (6- 18 years)
3:15 pm	Arati/Pushpanjali
3:30 pm	Havan
6:30 pm	Dasami Puja
8 pm	Sindur Daan (varan)
9 pm	Dinner

On behalf of:
Probasee Bengalee Association of NZ Inc.
www.probasee.org.nz

FROM THE PRESIDENT'S DESK

September 2015 – September 2016

Dear member

Nearly a year has passed since the Executive Committee was given the responsibility of running the events of Probasee Bengalee Association for 2015-16 and I am pleased to say that, together with your continuous encouragement, support and cooperation, we have been able to hold the following events successfully during this time:

- Sarbojanin Durgotsav was held from 23 – 25 October 2015 at Ram Mandir, Henderson. This was the first time our Puja was held at that venue. Apart from our own members, their families and our usual guests, we had the privilege of having people, who visited Ram Mandir regularly, come and view our Puja, our cultural programmes and sample our dishes. Our cultural programmes featured several talented youngsters and adults and were successful. Our usual competitions, Sit and Draw, Go As You Like and Talent Quest attracted lots of participants.

- Our Lakshmi Puja was conducted at the same venue on Monday 26 October and was attended by about 100 people.

- Bijoya Sommelon was held at Balmoral Church on 1 November 2015. We felicitated our Puja Food Committee members on that occasion and it was well attended.

- Probasee was given the responsibility of organising the Spirit of Cricket tournament from November 2015 to February 2016 which our boys did in a befitting manner. Our players rose up to the challenge and emerged finalists through convincing wins against the other Indian teams. Unfortunately, in the finals, they missed winning the Champions Cup and came home with the runner-up trophy.

- Our annual picnic was held at Cornwallis Regional Park on Sun 7 February 2016. Although the picnic was well attended, we could not conduct our annual sports due to unforeseen circumstances.

- Saraswati Puja was held on Saturday 13 February at the NZ Athia Trust Community Hall. People offered Pushpanjali, little children had their "Haathe Khori" and our Food Committee cooking excellent food for everyone.

- Our annual badminton tournament was held at the YMCA Lynfield Sports Centre on Sat 9 April and was attended by about 30 participants and their families.

- The very next day, Sunday 10 April, our Poila Boishakh programme was held at Papatoetoe High School. Our participants put up a good show which featured popular songs and recitations. We had a few new singers who added value to the programme.

- Noboroshe Rabindranath and Hey More Bidrohi comprised our Rabindra Nazrul Sandhya which was staged on 19 June at Avondale College and was a fantastic effort by all - script writers, organisers, choreographers, narrators and recitors, singers, actors, dancers- in short, participants and their families and of course, the numerous helpers including backstage crew and administrators. We had the privilege of having assistance and participation from our fellow associations - Bhabna, BNZFS, Nandan, BANZI and Puja Sangha NZ in making this event a success.

- Next our annual table tennis tournament was held on 2 July at Manurewa Table Tennis Club. Unfortunately, we only had 7 participants this year and we sincerely hope that we can encourage higher participation in future.

- Anondo Mela, which featured some traditional Bengali food and light music, was held at St Barnabas Church on 17 September. Although it was a wet and dark evening, we had the privilege of having quite a few attendees who left with smiles of pleasure after sampling the Egg Devils, Ghugnee, Chhanar Payesh, Aaloor Dom, Sev Puri, Papri Chaat, Dahi Papri Chaat, etc and after listening to some lilting music and songs rendered by our local artists.

On behalf of the Probasee Executive Committee, I would like to reiterate that we would not have been able to make any event successful without your continuous support, encouragement and cooperation. We thank you from the bottom of our hearts for the trust and confidence you have bestowed on us at all times and we sincerely hope to receive your benevolence in the years to come.

NOMOSKAR O AANTORIK SHARODIYA SHUBHECHHA

Malabika Bhaduri

With Best Compliments

From

SS Super Mart & Chennai Express

578 Sandringham Road

Phone: 0211 0953 36, 09 8494234

sureshdeva@hotmail.com, www.rrkfood.co.nz

With Best Compliments

From

শুরুর গল্প

উপাসনা চৌধুরী

২ রা অক্টোবর ১৯৯২, শুক্রবার। সাল তারিখের হিসেব দিয়েই লেখা শুরু করলাম কারণ এইবারের পুজোটা ঠিক এইখানেই আলাদা। ৭ই অক্টোবর ২০১৬-এর দুর্গা পুজোয় প্রতি বছরের মত এই বছরও মা সপরিবারে নিউজিল্যান্ড এসেছেন ঠিকই কিন্তু এইটা তাঁর ২৫ তম আগমন। এই পুজো অন্য বছরের পুজো গুলোর থেকে আলাদা, সেটা বছরের সংখ্যা টা ২৫ বলে হয়ত নয়, কারণ এই বারের পুজো একটা পথ চলা আর পৌছনোর গল্প বলেছে।

১৯৯২। নিউজিল্যান্ডের অপুর্ব সুন্দর ছোট্ট বন্দর শহরের জন সংখ্যা তখন লক্ষ্যের সংখ্যায় গোনা হয় ... যা আজো আমাদের গোটা দেশ বাদ দিয়ে যদি শুধু রাজ্যকে ধরা হয় বা সেটাও না হয়ে যদি আমাদের শহর কলকাতা-কে জন সংখ্যার তুলোনায় তুলোনা করা হয় তাহলে ঠোটের কোনে তাচ্ছিল্যের হাঁসি ছাড়া আর কিছুই আসবে না। এত কিছু বলতেই হল এটা বোঝানোর জন্য যে সেই ২৫ বছর আগে কলকাতা থেকে এত দূরে, এত নির্জন একটা শহরে যেখানে ভারতীয়র সংখ্যাই ছিল নগন্য, বাঙ্গালী পরিবার তো গুটিকয় সেখানে, দুর্গা পুজো করাটা খুব সহজ ছিল না। তবু হয়েছিল। মা কে ভালোবেসে ।

সেই ২৫ বছর আগে মর্তে পাল্কি না দোলায় কিসে মায়ের আগমন হয়েছিল মনে থাকা বা বলা মুশকিল কিন্তু এই নিউজিল্যান্ডে মা এসেছিলেন হ্যান্ড ব্যাগে। এয়ার ইন্ডিয়ার ফ্লাইটে চেপে, কেবিন ব্যাগেজে মা এসে পৌছেছিলেন এই অকল্যান্ডে। এইটুকু শুনেই অবাক হলে বলব অবাক হওয়ার বাকি অনেক কিছু আছে। সেই সময় এয়ার ইন্ডিয়ার বিশেষ পদাধিকারী Mrs Manju Sarkar অকল্যান্ডের প্রথম দুর্গা প্রতিমা এনেছিলেন হ্যান্ড ব্যাগেজে। দুর্গা প্রতিমা বঙ্গ তনয়ার সাথে প্রথম সেদিন পা রেখেছিলেন এই অকল্যান্ডে।

কলকাতার দুর্গা পুজো দেখে আমরা যারা পুজো চিনেছি, দেখেছি তারা দুর্গা পুজোকে নামে চিনতে শিখেছি ছোট বেলা থেকেই। মুদিয়ালীর পুজো বা মহম্মদ আলির, শোভাবাজার রাজবাড়ির পুজো বা লেকটাউন শ্রীভূমি সারা কলকাতা দুর্গা পুজোকে চিনি তার নামে আর ভীড়ে । 14 Whitworth Road, Auckland। ২৫ বছর আগে এই নিউজিল্যান্ড দেশে এটাই ছিল দুর্গা পুজোর ঠিকানা আর উদ্যোক্তা ছিল মাত্র ১১ টি পরিবার। পুজোর জেল্লা বা আয়োজনের কিন্তু কোনো খামতি হয়নি। তাতে, রীতিমত সমস্ত বিধি মেনে মায়ের পুজো যেমন হয়েছিল, তার সাথে পুজোর বিনোদন থেকে শুরু করে, পুজোর ভোজ, কোনোটাতেই পিছিয়ে ছিল না, মাওরি শহরের প্রথম এই পুজো।

Mrs & Mr Indrajit Sarkar, Dr & Mrs Debesh Bhattacharyya., Mr & Mrs Sunil Mukherjee., Mr & Mrs Amit Sengupta, Mr & Mrs Dipen Mukherjee, Dr & Mrs Jonardhan Nanda Mr & Mrs Sudeep Mitra, Mr & Mrs Dhruvo Chakroborty, Mr & Mrs Saikat Chatterjee, Dr & Mrs Srikanta Chatterjrr and Dr & Mrs Samir Dasgupta - এঁরাই ছিলেন পূজোর উদ্দোক্তা। অকল্যান্ড শহরে প্রথম পুজোর রুপকথা সত্যি হওয়ার নেপথ্যে ছিলেন এনারাই। এই বাইশজনের মধ্যে দুটি পরিবার (Dr & Mrs Srikanto

Chatterjee, Mr & Mrs Sameer Dasgupta.) এসেছিলেন Palmerston North থেকে।

প্রত্যেক পরিবার পিছু ১০০ ডলার চাঁদা দিয়ে সেই ১৯৯২ সালে যেই পুজো শুরু হয়েছিল। মাকে কাছে পাওয়ার আন্তরিকতায় সেই পুজো কিন্তু কোনো নামজাদা পুজোর থেকে কোনো অংসে কম নয়। সেরকমই শোনা গেলো মিসেস সেনগুপ্তর কথায় " বারোয়ারি পুজো ছেড়ে প্রথমবার মনে হয়েছিল নিজেদের পুজো "। আমাদের সকলের প্রিয় কাকিমা (Mrs Nupur Sengupta) ২৫ বছর আগের সেই পুজোর দিনের কথা বলতে গিয়ে প্রথম এই কথাটাই বললেন আমাদের। সত্যিই এই আন্তরিকতাতেই southern hemisphere এর ছোট্ট দেশে, শরতের (এদেশে বসন্ত) মেঘ আকাশে ওড়ানো যায়, কাশ ফুল ফোটানো যায় ভিনদেশী লেকের ধারে। আর ওনাদের দেখানো পথ ধরে আজও শরতের মেঘ প্রতি বছর পথ চিনে দেখা দিয়ে যায় অকল্যান্ড শহরে, সেই পুজোর রেশ ধরেই ২৫ বছর পরে সেই পুজো নিয়েই কলম ধরতে হয় কাউকে ।

এত কথার মধ্যে গল্প বলাটা থেমে গিয়েছিল এবার আবার ফিরে আসি শুরুর কথায়, দুর্গা-ঠাকুর তো এসে গেছে। এইবার পালা আয়োজনের। সেটাও খুব সহজ ছিল না। এখানে তো পা বাড়ালেই বড় বাজার নেই, মল্লিক বাজারের ফুল আর ভীম নাগ, কে সি দাস-এর মত পাঁচ তারা মিষ্টির কথা তো উঠছেই না, সামান্য পাড়ার দোকানের বাঙ্গালী মিষ্টিই বা পাওয়া যাচ্ছে কোথায়। তবু পুজো করতে চাই তো সবই । লিখতে বেশ ভাল লাগছে ২/১০/৯২ র পুজোতে কিন্তু ছিল সবই। তখনকার দিনে একমাত্র ইন্ডিয়ান স্টোর "মহাদেব" ছিল একমাত্র ভরসা। সেখান থেকে এসেছিল পুজোর যাবতীয় সামগ্রী। এইবার পালা ফুলের। ১০৮ টি পদ্ম ফুল, তার মধ্যে একটা হারিয়ে ফেলে শ্রী রামচন্দ্র নিজের চোখটিই খোয়াতে বসেছিলেন, এক কথায় যেই ফুল ছাড়া মায়ের পুজো সম্ভব না। কিন্তু এই পেঙ্গুইন এর দেশে পদ্ম-ফুল পাওয়া যাবে কোথায়? কিন্তু তাই বলে তো পুজো থেমে থাকতে পারে না। "ত্রি পত্র বেল পাতাকে আর ক্যামেলিয়া পদ্মকে রিপ্লেস করত" জানালেন শ্রী দেবেশ ভট্টাচার্য। সেই শুরুর দি্ন থেকে আজও উনিই করে আসছেন মায়ের পুজো। ইচ্ছে আর আন্তরিকতাই যে কোনো শুভ কাজের সবচেয়ে বড় উপাচার, তা বার বার প্রমান করেছেন ওনারা। এবার মাকে সাজানোর কথাতে আসি, পুজোর সাজ, এখানে তো থার্মোকলের কারুকাজ করা সাজ বা শোলার সাজ পাওয়ার কথা ভাবাও যায় না। কিন্তু মাকে তো সাজাতে হবে। তাই সেই সময় "দোলোনের সাথে বাকিরা সবাই" মিলে মাকে সাজিয়েছিলেন মনের মত করে, আমাদের জানালেন Mrs Shyamali Bhattachariyya। সেই সাজ কিন্তু দেখবার মত ছিল। শুধু সাজানো নয় প্রথম পুজোয় দাদাদের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে পুজোর আয়োজন করেছিলেন বৌদিরাও, তাই বাকি আরো অনেক কিছুর মত চমক ছিল মায়ের পুজোর ভোগের থালায় ও মিষ্টির লিস্টে। ছিল না না রকম সন্দেশ, গুলাব জামুন আর খাজা। সবই বাড়ীতে বানানো। কোনো কিছুই বাদ পরেনি পুজোর লিস্ট থেকে। আর পুজোর খাওয়া দাওয়া ... সেটা বাদ পড়লে তো আমার লেখাই অসম্পুর্ন থেকে যাবে।

দুজ্ঞা পুজো বলে কথা। সেই পুজোতে লোক আসবে না তা তো হয় না। বেশ কিছু মানুষ সেই পুজো দেখতে এসেছিলেন। তাদের জন্য ছিল খাবারের আয়োজন, সবটাই নিজেরা বাড়ীতে

করেছিলেন এই ১১টি পরিবার। পুজোর খাবার রান্না শুরু হত একমাস আগে থেকে। হ্যাঁ একদম ঠিক পড়েছেন-এক মাস। প্রত্যেক week-end-এ ইন্দ্রাজিত সরকার মহাশয়ের বাড়ীর গ্যারেজ এসে জড়ো হতেন সবাই। হাতে হাতে তৈরী হয়ে যেতো পরোটা, নারু ,আলুর দম, ছোলার ডাল আরো কত কি। যারাই পুজো দেখতে আসতেন, বাঙ্গালী আতিথেয়তা পেয়েই বাড়ী ফিরতেন, আর সেটাতো সুস্বাদু খাবার ছাড়া তো হয় না, সেই রেওয়াজ চলছে আজও। প্রথম পুজোর খাবারের তালিকা ছিল এই রকমঃ

শুক্রবার- ষস্টী, সপ্তমীঃ পরোটা [৩০০ টা , সবটাই বাড়ীতে তৈরী] আলুর দম, ছোলার ডাল

শনিবার- অষ্টমী নবমীঃ খিচুড়ি, চাটনী ,দু রকম মিষ্টি [গুলাব জামুন ,সবুজ সন্দেস]

রবিবার- দশমী বিসর্জনঃ বাঙ্গালীর সর্বকালীন প্রিয় ভাত মাছ আর মাংস [বিসর্জনের পরে]

এইবার বলুন তো, ২৫ বছর আগে প্রশান্ত মহাসাগরের পাড়ের ছোট্ট দেশের ততধিক ছোট্ট শহরের দুর্গা পুজোটা কোন দিক দিয়ে পিছিয়ে ছিল। কি ভাবছেন , পুজোর আমোদ? সেটাও ছিল নাচ, গান্, আবৃত্তি আর যেটা না বললেই নয় সেটা হল চিত্রাঙ্গদা। সেই ২৫ বছর আগের ক্ষুদেরা বেশ ভাল ভাবে পরিবেশন করেছিল নৃত্যনাট্যটি। যেটি বোধহয় একমাত্র উপস্থাপনা। যেখানে প্রথম বার চশমা পরা মদন দেবকে দেখা গিয়েছিল। গান গল্প মজা খাওয়া দাওয়া সব মিলিয়ে জমজমাট ছিল প্রথম পুজো ।

সেদিনের সেই অনেক কিছু এখন আর নেই। এর মধ্যে সেই দুর্গা পুজোর রুপকথাটা এই সুদূর অকল্যান্ডে ওনারা সত্যি করতে পেরেছিলেন বলেই আজও মা প্রতিবছর আমাদের কাছে আসেন আমাদের সাথে থাকেন তিনটে দিন। ১১টি পরিবার থেকে সংখ্যাটি এখন ৯০০। তাই স্বভাবতই পূজোর বাজেট থেকে শুরু করে খাবারের তালিকায়, পূজোর অনুষ্টানের সংখায় সিঙ্গিল ডিজিটের পাশে শুন্যও বেড়েছে এই ২৫ বছরে। কিন্তু এই সবই সেই শুরুর উৎসাহের ফলশ্রুতি। অকল্যান্ডের পুজো আরো অনেক বছর পার করুক। আরো কেউ, আরো অনেক বছর পর এই গল্প আবার লিখুক সেই আশা নিয়ে শুরুর গল্প এখানেই শেষ করলাম। আমার গল্প ফুরলো কিন্তু নিউজিল্যান্ডের দুর্গা পুজোর গল্পের নটে গাছটি আরও বড় হোক, আরো আনন্দের হোক, সেই শুভ কামনা রইল।

HAPPY DURGOTSAV & DUSSEHRA

With Best Compliments from

Award Winning Real Estate

Sales & Marketing Specialist

INDER TAK

YOUR PROPERTY-MY PRIORITY

A proven track record of successfully achieving premium prices for Home Owners through strategic marketing and smartly planned campaigns.

Your housing needs deserve the care of a specialist.

Call INDER anytime on FREEPHONE

0800 030 111

FOR NO OBLIGATION FREE MARKET APPRAISAL

ON YOUR PRIME ASSET....YOUR HOME.

You will be moving in the right direction with INDER...

INDER TAK: Mobile: 0277 88 77 44

Email: indertak@yahoo.com

www.indertak.harcourts.co.nz

Experience has its REWARDS

Harcourts

Blue Fern Realty

জ্যান্ত দূর্গা

মিলি সেনগুপ্ত ও প্রবীর কুমার সেনগুপ্ত





গ্রামের নাম শিহর। শিবমন্দিরের পাশেই যাত্রাগানের আসর বসেছে। জয়রামবাটি আর আশেপাশের অন্যান্য গ্রামের অনেক মহিলা-পুরুষ এসে ভীড় করেছে। এইরকম এক মহিলার কোলের দুই বছরের শিশু কন্যা ক্ষেমঙ্করীও গান শুনছে। গানের শেষে মহিলা কৌতুক করে কোলের বাচ্চাটিকে জিজ্ঞেস করে - এই এত লোকের মধ্যে কাকে তোর বিয়ে করতে ইচ্ছে হয়?

ছোট্ট মেয়ে বিয়ের ব্যাপারে কিছুই বোঝে না। কিন্তু দুহাত তুলে সামনেই বসে থাকা যাত্রাগানের গায়ক ২০ বছরের

এক যুবককে দেখিয়ে দিল। মহিলাদের হাসিঠাট্টার মধ্যে সেদিনের কৌতুক শেষ হল বটে, কিন্তু এর চার বছর পরে সেই যুবকটি রাণী রাসমনির দক্ষিনেশ্বরের মন্দিরের নবীন পুরোহিত হিসাবে ভবতারিনী মায়ের পূজোর দায়িত্বে রয়েছেন। পূজো করতে করতে মাঝে মাঝেই জ্ঞান হারিয়ে অস্বাভাবিক আচরণ করতেন। অনেকেই বলাবলি করতো – ও বুঝি পাগল হয়ে গিয়েছে। কয়েকদিনের মধ্যে কামারপুকুরে মায়ের কাছে সে খবর পৌছল। তিনি তাড়াতাড়ি ছেলেকে নিজের কাছে এনে বিয়ের চেষ্টা করতে লাগলেন। আর পাঁচটা মায়ের মত ভাবলেন – বিয়ে করে সংসারে মন দিলে বুঝি পাগলামি শেষ হবে। কিন্তু যোগ্য পাত্রী আর পাওয়া যায় না। মা আর দাদার পাত্রী খোজার ব্যর্থ চেষ্টার খবর যখন ছেলের কাছে পৌছল, ছেলে নিজেই হেসে বললেন – জয়রামবাটির রামচন্দ্র মুখুজ্যের বাড়ীতে দেখ গে, কনে সেখানে কুটোবাধা আছে।

পাত্রী খোজার পর্ব শেষ হল। পাত্রী আর কেউ নয়; সেই যাত্রার আসরের সেই শিশুটি। বাবার না রামচন্দ্র মুখোপাধ্যায় এবং মায়ের নাম শ্যামাসুন্দরী দেবী। ততদিনে ক্ষেমঙ্করীর নাম হয়েছে সারদা। তার মাসির মেয়ের নাম ছিল সারদা। সেই মেয়ে মারা যাওয়ার পর ক্ষেমঙ্করীর জন্ম। মাসি এসে মাকে বললেন – দিদি, তোর মেয়ের নামটি বদলে সারদা রাখ; তা হলে আমি মনে করবো আমার সারদাই তোর কাছে এসেছে এবং ওকে দেখে আমি ভুলে থাকবো।

বাংলার ১২৬৬ সালের বৈশাখ মাসে সেই ছোট্ট মেয়ের সয়ম্বরের পূর্ণতা লাভ করলো। সারদার বয়স তখন ছয়

আর যুবক গদাধরের বয়স ২৪।

কামারপুকুরের গরীব ব্রাহ্মণের ঘরে গদাধর বালিকাবধুকে নিয়ে এলেন। মা চন্দ্রমনি সাদরে তাঁদের বরন করলেন। ফুলশয্যার রাতে জমিদার বাড়ি থেকে এক রাত্রির জন্যে কিছু গয়না ধার করে এনে নতুন বৌকে সাজালেন। গয়নার সাজে নতুন বৌ খুব খুশী। অনুষ্ঠান আনন্দে কাটলো। কিন্তু বিপদ হল তার পরে। মায়ের মনে চিন্তা – ঐ ছোট্ট শিশুর গা থেকে গয়না গুলো খুলে জমিদার গিন্নিকে ফেরত দেবেন কি করে?

গদাধর মায়ের বিপদ বুঝে রাত্রে নতুন বউ-এর ঘুমের মধ্যে চুপি চুপি গয়নাগুলো খুলে নিয়ে মায়ের হাতে দিলেন। পরদিন সকালে নতুন বৌ ভাবল তার সব গয়না বুঝি হারিয়ে গেছে বা চুরি হয়ে গেছে। ভয়ে দুঃখে কান্নাকাটি শুরু করে দিল। চন্দ্রমনি বৌকে কোলে তুলে বললেন – দুঃখ কোরনা। আমার গদাই তোমাকে এর চেয়ে অনেক ভালো গয়না এনে দেবে। বৌ শান্ত হল বটে। কিন্তু সারদার কাকা মেয়ের কান্না দেখে রাগ করে সারদাকে নিয়ে জয়রামবাটি ফিরে গেল।

আবার শুরু হল জয়রামবাটির জীবন। ১৮৬৪ সালে বাংলায় দুর্ভিক্ষ দেখা দেয়। দেশজুড়ে খাবারের জন্যে হাহাকার। রামচন্দ্র মুখোপাধ্যায় দরিদ্র ছিলেন। কিন্তু তবু তিনি শুধু নিজের সংসারের কথা না ভেবে, সঞ্চয়ের মরাইভর্তি ধান দিয়ে অন্নসত্র খুলে দিয়েছিলেন। হাঁড়ি হাঁড়ি খিচুরি রাঁধিয়ে রাখতেন। কত লোক রামচন্দ্রের বাড়িতে আসত। ক্ষুধার্ত মানুষেরা গরম খিচুরি ঠাণ্ডা হওয়া পর্যন্ত অপেক্ষা করতে পারতো না। ছোট্ট সারদা তাদের পাশে দাঁড়িয়ে পাখার হাওয়া করতেন।

মায়ের নিত্য সাংসারিক কাজে সব রকম ভাবে সাহায্য করতেন। ক্ষেতে কর্মরত মুনিষদের জন্য খাবার পৌঁছে দিয়ে আসতেন। মায়ের সাথে গাছ থেকে তুলো তুলতেন। মা আর মেয়ে সেই তুলোয় পৈতা তৈরি করতেন। আবার দিনের শেষে সন্ধ্যা নামার আগে বাড়ীর গরুদের জলঘাস আনবার জন্যে গ্রামের শেষপ্রান্তের জলাশয়ের ধারে তাঁকে যেতে হত। এ ছাড়া ছোট ভাইদের দেখাশুনা করতেন। এইভাবে জয়রামবাটির জীবন কেটে যাচ্ছিল।

তিনি নিজে ছিলেন পল্লীর বালিকা, স্বয়ং স্মৃতিচারণা করেছেনঃ

“আমাদের নদই ছিল আমাদের গঙ্গা। গঙ্গা স্নান করে সেখানে বসে মুড়ি খেয়ে আবার ভাইদের নিয়ে বাড়ি আসতুম। ছেলেবেলায় গঙ্গা-সমান জলে নেমে গরুর জন্য জলঘাস কেটেছি। ক্ষেতে মুনিষদের জন্যে মুড়ি নিয়ে যেতুম। একবার (১২৭১ বঙ্গাব্দে) সেখানে কি দুর্ভিক্ষই লাগল – কত লোক যে না খেতে পেয়ে আমাদের বাড়ি আসত! আমাদের আগের বছরের ধান মরাইবাঁধা ছিল। বাবা সেই সব ধানে চাল করিয়ে কলায়ের ডাল দিয়ে হাড়িঁ হাঁড়ি খিচুড়ি রাঁধিয়ে রাখতেন। ... ... সেই সব গরম খিচুড়ি যেই ঢেলে দিত, শিগগির জুড়বে বলে আমি দুহাতে বাতাস করতুম! আহা! ক্ষিদের জ্বালায় সকলে খাবার জন্য বসে আছে। ... ... এমন ভীষণ দুর্ভিক্ষ। সেই বছর দুঃখ পেয়ে তবে লোকে ধান মরাইয়ে রাখতে আরম্ভ করল।“

এদিকে গদাধর তখন শ্রীরামকৃষ্ণ। দক্ষিনেশ্বরের রাণী রাসমনির মন্দিরের ভবতারিনীর পূজারী। কিন্তু পূজার ধরন ধারন প্রচলিত নিয়ম কিছুই মানেন না। যখন তখন পূজো করতে করতে জ্ঞান হারিয়ে মাটিতে লুটিয়ে পড়েন। আরও নানা রকম খবর জয়রামবাটিতে এসে পৌছতে লাগলো।

১২৭৮ সালে চৈত্রমাসে স্বামীর সম্পর্কে না না অপবাদ শুনে কুণ্ঠিতা ১৯ বছরের সারদা পিতা রামচন্দ্রের সাথে চললেন স্বামীর কাছে, দক্ষিনেশ্বরে।

হাটাপথে প্রবল জ্বরে সারদা বেহুস। রামচন্দ্র কি করবেনবুঝতে পারছেন না। হঠাৎ কোথা থেকে কালোরঙের সুন্দরী একটি মেয়ে এসে সেবা শুশ্রুসা দিয়ে সারদাকে সুস্থ করে তুললেন। তারপর আর সেই মেয়েটির খোজ পাওয়া গেল না। রামচন্দ্র বুঝলেন –

কালো মেয়েটি আর কেউ নয়। স্বয়ং মা ভবতারিনী ছল করে মিলিত হলেন তাঁরই দ্বৈত সত্ত্বা মা সারদার সঙ্গে।

দক্ষিনেশ্বরের নহবতে সারদার স্থান হল। ঠাকুর শ্রীরামকৃষ্ণ মন্দিরের ভবতারিনীর পূজোয় আর সেবায় সারাদিন ব্যাস্ত, আর নহবতে আর এক ভবতারিনী ঠাকুরের সেবায় ব্যাস্ত। ঠাকুর একদিন মাকে প্রশ্ন করেন – "হ্যা গা, তুমি কি আমাকে সংসারপথে টেনে নিয়ে যেতে এসেছ?" মা সারদা স্বভাবসুলভ শান্ত অথচ দৃঢ় কণ্ঠে উত্তর দিলেন – "আমি তোমায় সংসারপথে টানতে যাবো কেন? তোমার ইষ্টপথেই তোমাকে সাহায্য করতে এসেছি।"

আর একদিন মা সারদা ঠাকুরের পদসেবা করতে করতে ঠাকুরকে জিজ্ঞেস করলেন – "আমাকে তোমার কি মনে হয়?"

শ্রীরামকৃষ্ণ বললেন – "যে মা মন্দিরে আছেন তিনিই এই শরীরে জন্ম নিয়েছেন, আর তিনি নহবতে বাস করছেন, আর তিনিই এখন আমার পদসেবা করছেন।"

অন্যদের ঠাকুর বলতেন – "ওঁ সারদা, সরস্বতী – জ্ঞান দিতে এসেছে। ওঁ কি যে সে? ওঁ আমার শক্তি।"

ভাগ্নে হৃদয় শ্রীশ্রী রামকৃষ্ণের দেখাশুনার দায়িত্বে থাকবার সময় অহংকারে মত্ত হয়ে উঠেছিলেন। মায়ের সাথেও খারাপ ব্যাবহার করতে তাঁর বাঁধতো না। ঠাকুরের নজরেও একদিন তা ধরা পরে। তিনি হৃদয়কে নিজেকে দেখিয়ে বললেন – "ওরে, হৃদে, আমাকে তুই তুচ্ছতাচ্ছিল্য করে কথা বলিস বলে, ওঁকে আর কখনও এমন কথা বলিস না। আমার ভেতরে যে আছে, সে ফোঁস করলে হয়তো রক্ষা পেলেও পেতে পারিস, কিন্তু ওঁর ভেতরে যে আছে, সে ফোঁস করলে ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বরও তোকে রক্ষা করতে পারবে না।"

ষোড়শী পূজোর সময় শ্রীরামকৃষ্ণ নিজের সমস্ত সাধনার ফল, জপমালা তাঁর চরনে সমর্পন করলেন। শ্রীমা-ও ছিলেন সেই পূজো গ্রহনের যোগ্য অধিকারী। তাই শ্রীরামকৃষ্ণ পূজিতা হয়ে শ্রীমা হয়ে উঠলেন তাঁরই সুযোগ্য উত্তরসুরী। তাই পরে নিজের আরব্দকাজের ভার মাকে দিয়ে ঠাকুর বলেছিলেন – "কলকাতার লোকগুলো যেন অন্ধকারে পোকার মত কিলবিল করছে। তুমি তাদের দেখো। ঠাকুর নিজেকে দেখিয়ে বললেন – এ আর কি করছে? তোমাকে আরও বেশী করতে হবে। শুধু কি আমার দায়? তোমারও দায়।"

মা একদিকে যেমন আদর্শ গৃহিনী ও জননী, অন্যদিকে

তিনি আদর্শ সন্যাসিনী। শত অভাব অনটনের মধ্যেও তিনি সদাপ্রফুল্ল ও অচঞ্চল। দক্ষিনেশ্বরে আসার পর থেকেই তাঁর সাধন জীবন বেড়ে চলে। দক্ষিনেশ্বরে তখন মা লক্ষ জপ না করে জলগ্রহন করতেন না।

দুর্গম জনহীন তেলোভেলো প্রান্তরে বিকটদর্শন ডাকাতকে পিতৃ সম্বধন করে তার পাপ পঙ্কিল জীবনের পরিবর্তন ঘটিয়েছিলেন। কখনও কখনও মাতৃস্নেহে বিগলিত হয়ে স্বহস্তে খাবার খাইয়েছেন তুঁতে মুসলমান আমজাদকে। হিন্দু, মুসল্মান, বৌদ্ধ, খৃষ্টান ও পারসিক কেউ তাঁর মাতৃস্নেহ ধারা থেকে বঞ্চিত হয়নি। জাতি, ধর্মনির্বিশেষে সকলের জন্য তাঁর হৃদয়ের দ্বার ছিল উন্মুক্ত। স্বামি বিবেকানন্দের শিষ্যা ভগিনি নিবেদিতা যখন মায়ের কাছে আসেন, তখন তাঁকে কন্যারূপে গ্রহন করেছিলেন। নিবেদিতা যখন নারীশিক্ষার জন্য স্কুল স্থাপনার কথা বলেন মা তাঁকে উৎসাহ দেন এবং সবরকম সাহায্যের প্রতিশ্রুতি দেন। তখন তিনি বলেছিলেন – " মেয়েদের বুঝিয়ে দিও, তারা কেবল থোড়বড়ি খাড়া, আর খাড়াবড়ি থোড় করতে (এ জগতে) আসেনি।" শিক্ষা ছাড়া মনের উদারতা সম্ভব নয়। সেটাই বোঝাতে চেয়েছিলেন। নিবেদিতা সমস্ত ব্যাপারে মায়ের পরামর্শ নিতেন। মাকে আমরা আধুনিক নারীসমাজের পূর্বসুরি বলতে পারি। শ্রীমা বলতেন – " আমি কখন কাউকে বন্ধনে ফেলবার জন্য বলতে পারবো না। বে দিতে পারনা, এত ভাবনা করে কি হবে? নিবেদিতার স্কুলে রেখে দিও লেখাপড়া শিখবে, বেশ থাকবে।" তিনি বলতেন "আমি সতেরও মা আবার

অসতেরও মা।" জয়রামবাটি, কামারপুকুর, দক্ষিনেশ্বর, কাশীপুরে, উদ্বোধনে তিনি মুক্তহস্তে কৃপা দান করেছেন।

রানকৃষ্ণ সঙ্ঘের বিভিন্ন কেন্দ্রে কর্মী ও ভক্তবৃন্দকে সবসময় উৎসাহ ও উপদেশ দান করতেন। এইভাবে সুদুর রামেশ্বর পর্যন্ত ভ্রমন করে তিনি বিভিন্ন ভাষাভাষীর নরনারীদের আধাত্মিক পিপাসা মিটিয়েছেন।

শ্রীশ্রীঠাকুরের তিরোধানের পর রামকৃষ্ণ সংঘ মায়ের স্নেহছায়ায় এবং পরামর্শে কেমন বেড়ে উঠেছে তা আমরা সবাই জানি। বস্তুত তাঁরই শ্রীহস্ত শ্রীরামকৃষ্ণ সংঘকে অদৃশ্যভাবে পরিচালনা করেছে।। মায়ের আন্তরিক ইচ্ছাই পরমকল্যানী শক্তিরূপে শ্রীরামকৃষ্ণ সংঘের ভিত্তিভূমিকে শক্ত করেছে। মাকে লক্ষ করে ঠাকুর একদিন বলেছিলেন – "তোমার ভাবনা কিসের? তোমায় এমন সব রত্ন ছেলে দিয়ে যাব, মাথা কেটে তপস্যা করলেও যা মানুষ পায়না। পরে দেখবে কত ছেলে তোমায় মা বলে ডাকবে।"

ফুলশয্যার পরের সকালে মা চন্দ্রমনি শিশুবধুকে কোলে তুলে নিয়ে স্বান্তনা দিয়ে বলেছিলেন - তাঁর গদাই তাঁকে অনেক গয়না এনে দেবে। ঠাকুর রামকৃষ্ণ সত্যিই মাকে অনেক গয়না এনে দিয়েছিলেন। গয়নাগুলোর কোনটির নাম নরেন, কোনটি বা রাখাল, গিরিশ, কোনটি আবার লাটু, এমন আরও কত। কেউই মায়ের গর্ভের সন্তান নয়, কিন্তু তাঁরা সারা দেশের গর্বের সন্তান। সত্যিই মা এখন সারা বিশ্বের মা।

শ্রীশ্রীঠাকুরের মহাপ্রয়ানের পূর্বে যে দায় তিনি মায়ের উপর অর্পন করে গিয়েছিলেন, ১৯২০ সালের ২০শে জুলাই, মানবলীলা সম্বরন করার শেষদিন পর্যন্ত সে কাজে তিনি আত্মনিয়োগ করে গেছেন।

মায়ের কিছু উপদেশবানী আমাদের জীবনের সাথে অঙ্গাঙ্গীভাবে জড়িয়ে গেছে। - "সংসারে থাকতে গেলে কেমন করে থাকতে হয় জানো? যেখানে যেমন, সেখানে তেমন। যাকে যেমন, তাকে তেমন। যখন যেমন, তখন তেমন।" "যদি শান্তি চাও মা, কারো দোষ দেখনা – দোষ দেখো নিজের। জগৎকে আপনার করে নিতে শেখো। কেউ পর নয় মা, জগৎ তোমার"।

মায়ের জীবন বিশ্লেষন করলে আমরা দেখতে পাই ইনি কন্যারূপে জনক-জননীর প্রগার স্নেহের অধিকারিনী, পত্নিরূপে স্বামীর চিরানুবর্ত্তিনী, সন্যাসীনি রূপে ত্যাগ ও সেবার প্রতুমুর্তি এবং জননীরূপে জাতি ধর্ম নির্বিশেষে মানুষের ক্লেশময় হৃদয়ে পরম শান্তিদায়ী।

এক সময়, গ্রামের কিছু মহিলা গঙ্গাস্নানের জন্য পায়ে হেটে কোলকাতা যাচ্ছে শুনে মা সারদা তাদের সাথে দক্ষিনেশ্বর পর্যন্ত যাবেন ঠিক করলেন। শরীর দুর্বল, তবুও মনের জোরে হেটে চলেছেন। কিন্তু বারে বারেই দল থেকে পিছিয়ে পরছেন। সামনে তেলোভোলোর মাঠ। লোকে বলে সেই জঙ্গলের ভিতর ভয়ঙ্কর ডাকাতের ভীষন কালীমূর্তি আছে। ডাকাতরা লুট করবার আগে সেই ডাকাতে-কালীকে পুজো দিত। তাই সবাই দিনে দিনেই এই তেলোভেলোর মাঠ পারাপার করতো। কিন্তু সারদা বার বার পিছিয়ে পড়ছে দেখে দলের সবাই তাঁকে একা ফেলেই এগিয়ে গেল। সূর্য্য ডোবার সাথে সাথেই জঙ্গলে অন্ধকার নেমে এল। মা একা কি করবেন ভাবতে ভাবতেই হঠাৎ সামনে দেখেন যমদূতের মত এক মূর্তি সামনে দাড়িয়ে। গায়ের রং কালো, মাথার কুচকানো চুল কাঁধ পর্যন্ত নেমে এসেছে, হাতে রূপোর বালা, মালকোচা করে বাঁধা ধুতি হাটু পর্যন্ত নেমে এসেছে, কাঁধের উপর বিশাল এক বাঁশের লাঠি। সারদা বুঝতে পারলেন কার মুখোমুখি হয়েছেন। তিনি কিছু বলবার আগেই ডাকাত তাঁকে জিজ্ঞেস করল তিনি কোথায় যাবেন। সারদা বললেন দক্ষিনেশ্বরের দিকে যাবেন। বিকটদর্শন ডাকাত কর্কশ গলায় বললো দক্ষিনেশ্বরের রাস্তা এটা নয়। অন্য দিকে যেতে হবে। ততক্ষনে ডাকাত অনেক কাছে এসে পরেছে। কিন্তু ভয়ে সারদা না পারছেন এক পা এগোতে না পারছেন পেছোতে। হঠাৎ সারদার মুখের ওপর নজর পরতেই ডাকাতের কি হল কে জানে। নরম সুরে বললো

– ভয় নেই। আমার সাথে এস। আমার সাথে আমার বৌ রয়েছে।

সারদা দেখলেন সত্যিই তাই। এতক্ষনে তিনি সাহস পেয়ে বললেন – "বাবা, আমার সঙ্গীরা আমাকে ফেলে গিয়েছে। তোমার জামাই দক্ষিনেশ্বরের কালীবাড়িতে থাকেন, আমি তাঁর কাছে যাচ্ছি। তুমি যদি আমাকে দক্ষিনেশ্বরে পৌঁছে দাও তাহলে তোমার জামাই তোমাকে খুব আদর যত্ন করবেন।"

ততক্ষনে ডাকাতের স্ত্রী কাছে এসে পরেছে। সারদা তার হাত ধরে বললেন – "মা, আমি তোমার মেয়ে সারদা। একা ভীষন বিপদে পরেছিলাম। ভাগ্যে বাবা আর তুমি এসে পড়লে, নইলে কি করতাম কে জানে।"

বাবা আর মা ডাকের কি মহিমা। ডাকাতের প্রান একেবারে গলে গেল। তারা সারদাকে নিজের মেয়ের মত যত্ন করে তারকেশ্বর পর্যন্ত এসে মায়ের সঙ্গীদের সাথে মিলিয়ে দিল।

পরে নাকি সেই ডাকাত স্বীকার করেছিল – মা সারদার মুখের দিকে তাকিয়ে সে জঙ্গলে প্রতিষ্ঠিত তাদের আরাধ্য দেবীর মুখ দেখতে পেয়েছিল।

শ্রীরামাকৃষ্ণ নিজে মা সারদার পরিচয় দিতে গিয়ে, কখনও বলেছেন – "ওঁ মা সরস্বতী, জ্ঞান দিতে এসেছেন। কখনও বলেছেন – "আমার অসম্পুর্ন কাজের ভার নিতে এসেছেন।" কখনও বলেছেন – "কোলকাতায় পোকার মত কিলবিল করে বেঁচে থাকা মানুষের মায়ের দায়িত্ব পালন করতে এসেছেন।" আবার কখনও বলেছেন – "ওঁ দক্ষিনেশ্বরের নহবতের ভবতারিনী।" তবুও আমরা মায়ের পরিচয়ের কুল কিনারা পাইনা।

স্বামি বিবেকানান্দের একটি মাত্র কথায় মায়ের সবচেয়ে

যুগোপযোগী পরিচয় পাওয়া যায়। তিনি মাকে বলতেন - জ্যান্ত দূর্গা। আমেরিকা যাওয়ার আগে মায়ের অনুমতি আর আশীর্বাদ নিয়েছিলেন। শিকাগোয় সেই ঐতিহাসিক বক্তৃতা দেবার আগে মনে মনে সরস্বতীরূপী মায়ের পূজো করে নিয়েছিলেন।

১৮৯৪ সালে আমেরিকা থেকে স্বামী শিবানন্দ মহারাজকে চিঠিতে জানিয়েছিলেন, - "আমি জীবন্ত দূর্গার পূজো করবো এবং একটি জমিতে মন্দির করে জীবন্ত দূর্গাকে প্রতিষ্ঠা করব।" ১৯০১ সালে বেলুড় মঠে মায়ের যথাযোগ্য উপস্থিতিতে জীবন্ত দূর্গার পূজা সারম্বরে অনুষ্ঠিত হয়েছিল।

১৯০১ সালে বেলুড় মঠে প্রথম খুব ধূমধাম করে দূর্গাপূজো অনুষ্ঠিত হয়। এর আগে শ্রীরামকৃষ্ণের শিষ্যরা ছোট করে বরানগরে দূর্গাপূজো করতেন। হিন্দু ধর্মের নিয়ম অনুযায়ী সন্যাসীরা শাস্ত্রীয় ভজনপূজনের পদ্ধতিতে পূজোআচ্ছা করতে পারতো না।

তা হলে স্বামী বিবেকানন্দ কেন নুতন ধারা প্রবর্তন করলেন?

প্রথম কারন হিসাবে বলা যায়, স্বামীজি এবং তাঁর সাধুভায়েরা জীবনযাত্রাকে নতুন ধারায় প্রবর্তন করতে চেয়েছিলেন। তখনকার হিন্দুসমাজ স্বামী বিবেকানন্দের আমেরিকা যাত্রা মেনে নিতে পারেনি। দুর্গাপূজোর মাধ্যামে স্থানীয় মানুষের ভূল বোঝাবুঝির অবসান ঘটাতে চেয়েছিলেন।

আর একটা কারন, তখনকার দিনে পাশ্চাত্য দেশের তুলনায় আমাদের দেশে মেয়েদের যথাযোগ্য সম্মান দেওয়া হত না। তাই দুর্গাপূজো ও কুমারীপূজোর মাধ্যামে মেয়েদের সম্মান ও মর্যাদা প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন।

তৃতীয় কারন অতি প্রাকিতিক। ১৯০১ সালের দূর্গাপুজোর কিছুদিন আগে স্বামী ব্রহ্মানন্দ স্বপ্নে দেখেছিলেন মা দূর্গা দক্ষিনেশ্বর থেকে গঙ্গা পার হয়ে বেলুড়ে আসছেন। যখন স্বামীজী ঠিক করলেন দূর্গাপূজো করবেন, তখন তাঁর প্রথম কাজ হল মা সারদার অনুমতি নেওয়া। মা তখন বাগবাজারে থাকতেন। স্বামী

প্রেমানন্দকে মায়ের কাছে পাঠালেন অনুমতি নেওয়ার জন্যে।

স্বামীজী, যে-কোন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়ার আগে শ্রীমায়ের উপদেশ এবং অভিমত প্রার্থনা করতেন এবং শ্রীমায়ের নির্দেশ ও ইচ্ছাই স্বামীজী সবসময় শিরোধার্য করতেন। এ ব্যাপারে তাঁর কোন দ্বিধা, সন্দেহ বা সংশয় ছিল না—এবং কোন প্রশ্নও কোনদিন স্বামীজীর মনে ওঠেনি। (স্বামীজীর অন্যান্য গুরুভাইয়েরাও এ-ব্যাপারে এই পদাঙ্ক অনুসরণ করেছিলেন) এ সম্পর্কে স্বামী সারদানন্দ বলেছেনঃ "মঠে প্রথম প্রথম কার্যধারা নিয়ে অনেক সময় স্বামীজীর সঙ্গে মতের পার্থক্য হলে স্বামীজী মায়ের কাছেই তার সমাধান চেয়েছেন। স্বামীজী বেলুড় মঠে প্রথম দূর্গাপূজোর ইচ্ছা প্রকাশ করলে, মায়ের কাছে স্বামী প্রেমানন্দকে পাঠালেন তাঁর অনুমতি নিতে। শ্রীশ্রীমা তৎক্ষণাৎ উত্তর দেন, - "হ্যা বাবা, মঠে দূর্গাপূজা করে শক্তির আরাধনা করবে বইকি। শক্তির আরাধনা না করলে জগতে কোন কাজ কি সিদ্ধ হয়? তবে বাবা, পশুবলি দিও না, প্রাণী হত্যা কোরো না। তোমরা হলে সন্যাসী, সর্বভুতে অভয়দানই তোমাদের ব্রত।" যদিও স্বামীজীর ইচ্ছা ছিল নবমীর দিন বলিদান হয়, কিন্তু শ্রীশ্রী মায়ের আদেশে তিনি সেই সঙ্কল্প ত্যাগ করলেন এবং চিরতরে রামকৃষ্ণ মিশনের সব কেন্দ্রে পশুবলির সঙ্কল্প রহিত হল। এই আদেশ যদি ঠাকুর দিতেন তবে স্বামীজী হয়তো প্রশ্ন তুলতেন, শাস্ত্রবিচার করে বলিদানের সপক্ষে নানা যুক্তি দেখাতেন। কিন্তু মায়ের আদেশ তাঁর কাছে ছিল সমস্ত যুক্তি-তর্ক-বিচারের অতীত। মঠের প্রথম দূর্গাপূজোয় স্বামীজীর নির্দেশে শ্রীমায়ের নামেই সঙ্কল্প করা হয় এবং শ্রীমায়ের হাত দিয়ে পূজককে ২৫ টাকা দক্ষিণা দেওয়ান স্বামীজী।"

স্বামীজী খুব-আবেগ প্রবন ব্যাক্তি ছিলেন। শ্রীমা, স্বামীজীর কাজের উদ্দাম আবেগ যেন অনেক সময় রাশ টেনে ধরে নিয়ন্ত্রিত করতেন। কোলকাতায় প্লেগ-মহামারীর সময় স্বামীজী নিবেদিতা প্রভিতিকে নিয়ে সেবাকার্য আরম্ভ করলেন, কিন্তু কাজের ব্যাপকতা দিন দিন বাড়তে থাকায় এবং সে পরিমান অর্থের সংস্থান না থাকায় স্বামীজী বিচলিত হয়ে পড়লেন, এবং শেষ পর্যন্ত সেবা কার্য অক্ষুণ্ণ রাখবার জন্য বেলুড় মঠ বিক্রি করবার ইচ্ছা প্রকাশ করলেন। এ কথা শ্রীমায়ের কাছে উত্থাপন করায় তিনি তৎক্ষণাৎ বললেন, "সে কি বাবা, বেলুড় মঠ বিক্রি করবে কি? মঠ স্থাপনায় আমার নামে সঙ্কল্প করেছ এবং ঠাকুরের নামে উৎসর্গ করেছ, তোমার ও-সব বিক্রি করবার অধিকারই বা কোথায়? ... বেলুড় মঠ কি একটা সেবাকাজেই নি:শেষ হয়ে যাবে? তার কত কাজ। ঠাকুরের অনন্ত বাণী সারা পৃথিবীতে ছড়িয়ে পড়বে। যুগ যুগ ধরে এইভাবে চলবে।" তখন স্বামীজী একটু সলজ্জভাবে বললেন, "তাইতো, আবেগভরে আমি কি করতে যাচ্ছিলাম, সত্যি তো মঠ বিক্রি আমি করতে পারিনা, সে অধিকার আমার নেই। রাজাকে (স্বামী ব্রম্মানন্দ) মঠের অধ্যাক্ষ এবং শরতকে (স্বামী সারদানন্দ) মঠের সেক্রেটারি করা হয়েছে। এঁদেরই সব অধিকার। আমার অধিকার কোথায়? সে কথা আমার খেয়ালই ছিল না!"

প্রথম দূর্গাপূজো খুব বড় প্যান্ডেল করে জাকজমক সহকারে পালিত হয় মন্দিরের উত্তর দিকে। শুক্লপক্ষের ষষ্টির দিনে (১৯০১ ১৮ই অক্টোবর) পূজো শুরু হয়। পূজক ছিলেন ব্রম্মচারী কৃষ্ণলাল এবং শশী মহারাজের পিতা তন্ত্রধারক ইশ্বরচন্দ্র চক্রবর্তী। স্বামীজী আগমনী গান গেয়েছিলেন। ঠাকুরের গৃহীভক্ত ও স্থানীয় ব্রাহ্মণদের বিশেষভাবে নেমন্তন্ন করা হয়েছিল। নবমীর রাতে স্বামীজী ঠাকুরের গাওয়া অনেক গান গেয়েছিলেন। ষষ্টির দিন শ্রীমা তাঁর মেয়ে ভক্তদের নিয়ে বেলুড় মঠে আসেন। তিনি উদ্বোধনী অনুষ্ঠান এবং পূজোর তিনদিন ওখানে উপস্থিত ছিলেন।

সন্যাসীরা যেহেতু এইসব ধর্মীয় পূজো করতে পারেন না, তাই স্বামীজী ঠিক কলেন এই পূজো মায়ের নামে উৎসর্গ করা হবে। এই প্রথা এখনও চলে আসছে। স্বামীজী

শ্রীমাকে ঠাকুরের প্রতিনিধি ভাবতেন, যিনি আধূনিক পৃথিবীতে অনুন্নত নারী জাতিকে জাগ্রত করার জন্য এসেছেন।

শ্রীমা ১৯১২ সালে এবং ১৯১৬ সালেএবং অন্যান্য কয়েক বছর বেলুড় মঠের পূজোয় উপস্থিত ছিলেন এবং সন্যাসী ও শিশুদের আশীর্বাদ করেছিলেন।

With Best Compliments

From

Gulati Food and Spices

An Indian Grocery Store

gulatifoodandspices@gmail.com

687 SANDRINGHAM ROAD, MT. ROSKILL, AUCKLAND. PH: 09 620 8685

A Grihastha's Answer to Spiritual Liberation

Rishika Mukherjee

Introduction:

As spiritual aspirants, we might sometimes find ourselves questioning which of the two traditional paths of life is inherently superior in leading us to our goal – the life of a householder, or that of a renunciate (Sannyasin)? The answer to this puzzle can be found in the following story:

A certain king had an inquisitive temperament. He would often question the scholarly and wise men in his kingdom and demand proofs of their convictions. On one such occasion, he posed the question – who is greater, a sannyasin or a householder? Many in the kingdom attempted to answer the question, however upon failing to substantiate their assertions with proof, were ordered to marry and become householders. Finally, a young sannyasin appeared before the king, and was presented with the same question.

He answered, "Each, O king, is equally great in his place."

"Prove this to me," asked the king.

The sannyasin offered to prove his theory if the king was willing to travel and stay with him for the next few days. To this the king agreed, and the pair soon set off on their journey.

